# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
## BANGLADESH WATER DEVELOPMENT BOARD

শৃংখলা পরিদপ্তর
পানি ভবন (লেভেল-৭)
৭২, গ্রীণরোড, ঢাকা-১২০৫
ফোন ঃ ০২২২২২৩০০৭৬
dir.discipline.bwdb@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd

Directorate of Discipline
Pani Bhaban (Level-7)
72, Green Road, Dhaka-1205
Phone : 02222230076
dir.discipline.bwdb@gmail.com
Website: www.bwdb.gov.bd

নং- ৪২.০১.০০০০.০২৩.২৭.৩৫২.২১-২২৬

তারিখঃ ৩০-০৩-১৪২৯ বঃ
১৪-০৭-২০২২ খ্রিঃ

## দপ্তরাদেশ

জনাব আবদুল আহাদ (আইডি নং-৮৫০২০৯০০১), সাবেক নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব), রাজবাড়ী পওর বিভাগ, বাপাউবো, রাজবাড়ী এর বিরুদ্ধে অসদাচরণ ও চাকরি শৃংখলা ভঙ্গের অভিযোগে বোর্ড সচিবালয়, প্রশাসন বিভাগ, বাপাউবো, ঢাকার দপ্তরাদেশ নং-পাউবো(সচি)/প্রশাসন-১/৬৯১ তারিখ: ২৪-১১-২০২১ খ্রিঃ মোতাবেক বাপাউবোর্ডের চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করতঃ তাকে অতিরিক্ত প্রধান প্রকৌশলীর দপ্তর, প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন , বাপাউবো, ঢাকায় সংযুক্ত করা হয়। অতঃপর তার বিরুদ্ধে রাজবাড়ী পওর বিভাগে কর্মরত থাকাকালীন বিগত ২৩.১১.২০২১ খ্রিঃ তারিখে তার অধীনস্থ উপসহকারী প্রকৌশলী জনাব মোঃ রনি দাপ্তরিক কাজে তার দপ্তর কক্ষে প্রবেশ করলে দাপ্তরিক কাগজপত্র ফরিদপুর দপ্তরে নিয়ে যাওয়া প্রসঙ্গে জনাব রনির সাথে তার কথা কাটাকাটি হয়। একপর্যায়ে তিনি হঠাৎ উত্তেজিত হয়ে জনাব রনি, উপসহকারী প্রকৌশলীকে ধাক্কা দিয়ে মেঝেতে ফেলে তার বুকে বসে ধারালো এন্টিকার্টার(AntiCutter) গলায় ধরে তাকে হত্যা করার চেষ্টায় লিপ্ত হওয়ার সিসিটিভির ভিডিও ফুটেজ সামাজিক যোগাযোগ মাধ্যমে ভাইরাল হয় এবং জাতীয় দৈনিক পত্রিকায় প্রচারিত হওয়া সংক্রান্ত অভিযোগে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ অনুযায়ী কার্যধারা সূচনা করতঃ প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৮ এর (ক) ও (খ) অনুযায়ী অভিযুক্ত করে অত্র দপ্তর স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭. ৩৫২.২১-৩৫৯ তারিখ ১২-১২-২০২১ খ্রিঃ মোতাবেক অভিযোগনামা প্রেরণ পূর্বক ১০(দশ) কার্যদিবসের মধ্যে আত্মপক্ষ সমর্থনে লিখিত বিবৃতি দাখিলের জন্যে নির্দেশনা প্রদান করা হয়।

২। জনাব আবদুল আহাদ, নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) (বর্তমানে সাময়িকভাবে বরখাস্তকৃত) এর বিরুদ্ধে সূচিত কার্যধারায় উল্লিখিত অভিযোগের প্রেক্ষিতে তিনি লিখিত বিবৃতি দাখিল করেন। তার দাখিলকৃত জবাব/বিবৃতি পরীক্ষা-নিরীক্ষা ও পর্যালোচনায় কর্তৃপক্ষ কর্তৃক সন্তোষজনক বিবেচিত না হওয়ায় কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক কার্যধারায় আনীত অভিযোগ তদন্তের জন্য অত্র দপ্তরের দপ্তরাদেশ নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩৫২.২১-৬৮ তারিখঃ ২৩-০২-২০২২ খ্রিঃ এর মাধ্যমে ৩(তিন) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়। তৎপ্রেক্ষিতে তদন্ত কমিটি তদন্ত প্রতিবেদন দাখিল করেন।

৩। তদন্ত কমিটির দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুসঙ্গিক সকল রেকর্ডপত্র যথাযথভাবে পরীক্ষা-নিরীক্ষা ও পর্যালোচনান্তে জনাব আবদুল আহাদ, নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)(বর্তমানে সাময়িকভাবে বরখাস্তকৃত) এর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহের মধ্যে জনাব মোঃ রনি, উপসহকারী প্রকৌশলীকে শারীরিকভাবে লাঞ্ছিত করার অভিযোগটি বিভাগীয় মামলার তদন্তে প্রতিষ্ঠিত হওয়ায় তার উপর তার বেতন, সংশ্লিষ্ট বেতন স্কেলের নিম্ন ধাপে অবনমিতকরণ দন্ড আরোপ করা এবং তার সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার পূর্বক সাময়িক বরখাস্তকালীন সময়কাল প্রাপ্যতা সাপেক্ষে অর্জিত ছুটি হিসাবে গণ্য করার বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়।

৪। অতএব, কর্তৃপক্ষের উক্ত সিদ্ধান্ত মোতাবেক এতদ্বারা জনাব আবদুল আহাদ , নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) (সাময়িক বরখাস্তকৃত), অতিরিক্ত প্রধান প্রকৌশলীর দপ্তর, প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন, বাপাউবো, ঢাকা এর সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার পূর্বক তাকে বাপাউবোর্ডের চাকরিতে পুনর্বহাল করতঃ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(ক)(উ) মোতাবেক তার উপর তার বেতন, সংশ্লিষ্ট বেতন স্কেলের নিম্ন ধাপে অবনমিতকরণ দন্ড আরোপ করা হলো এবং তার সাময়িক বরখাস্তকালীন সময়কাল বি এস আর পার্ট-১ এর বিধি ৭২ (বি) মোতাবেক প্রাপ্যতা সাপেক্ষে অর্জিত ছুটি হিসাবে গণ্য করা হলো।

৫। এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

১৪/০৭/২০২২
(প্রনয় কুমার প্রামানিক)
পরিচালক
পরিচিতি নম্বরঃ ৬৩১২৩১০১৪

নং- ৪২.০১.০০০০.০২৩.২৭.৩৫২.২১-২২৬(৮)

তারিখঃ ৩০-০৩-১৪২৯ বঃ
১৪-০৭-২০২২ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

১। প্রধান প্রকৌশলী,পশ্চিমাঞ্চল, বাপাউবো, ফরিদপুর/ প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন , বাপাউবো, ঢাকা।
২। পরিচালক, কর্মচারী/হিসাব রক্ষণ/অডিট/অর্থ/জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৪। সি,এস,ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। দপ্তরাদেশটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৬। উপপরিচালক, কেন্দ্রীয় আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, ঢাকা।
৭। জনাব আবদুল আহাদ, নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব), অতিরিক্ত প্রধান প্রকৌশলীর দপ্তর, প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন, বাপাউবো, ঢাকা।
৮। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/পশ্চিম রিজিয়ন), বাপাউবো, ঢাকা।

১৪/০৭/২০২২
(ফজলুল করিম)
উপ পরিচালক
পরিচিতি নম্বর-৬৪০৩১১০০

ডায়েরী নং ৬১৪ তারিখঃ ১৮/৭/২২
প্রোগ্রামার ১/২ জরুরী
সহকারী প্রোগ্রামার ১/২/৩/৪ প্রয়োজনীয় ব্যবস্থা নিন
নেটওয়ার্ক প্রকৌশলী নথিতে পেশ করুন
অফিস সহকারী নথিতে রাখুন
১৮/০৭/২০২২ আলোচনা করুন
সিনিয়র সিস্টেম এনালিস্ট
কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা

১৪/৭/২২